

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬৫৯

কুমারঘাট, ১৪ নভেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা
কুমারঘাট পুরপরিষদে প্রস্তুতি সভা

বিকশিত ভারত সংকল্প যাত্রায় সরকারি প্রকল্প ও পরিমেবার সুফল প্রতিটি ঘরে সুনিশ্চিত করতে আজ কুমারঘাট পুরপরিষদের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। তাছাড়াও কুমারঘাট পুর এলাকাভিত্তিক প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে বিকাশ সভা অনুষ্ঠিত হয়। সভায় কুমারঘাট পুরপরিষদের চেয়ারপার্সন বিশ্বজিৎ দাস, পুরপারিষদগণ, মুখ্য কার্যনির্বাহী আধিকারিক তথা মহকুমা শাসক সুব্রত কুমার দাস, ডেপুটি সিইও অভিজিৎ কুমার দাস সহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় চেয়ারপার্সন বিশ্বজিৎ দাস এই দুটি কর্মসূচিতে সরকারি প্রকল্পের সুবিধা এখনও যে সকল যোগ্য ব্যক্তি বা পরিবার পাননি তাদের অন্তর্ভুক্ত করার উপর গুরুত্ব আরোপ করেন। তাছাড়াও জনগণকে এ সম্পর্কে সচেতন করতে বিভিন্ন সরকারি দপ্তরের আধিকারিকদের প্রতি আহ্বান জানান। সভায় পুরপরিষদের মুখ্যকার্যনির্বাহী আধিকারিক সুব্রত কুমার দাস দ্বিতীয় পর্যায়ে প্রতি ঘরে সুশাসন অভিযান ও বিকশিত ভারত সংকল্প যাত্রার লক্ষ্য এবং উদ্দেশ্য সম্পর্কে বিস্তৃত আলোচনা করেন। সভায় মৎস্য, স্বাস্থ্য, বিদ্যুৎ, শ্রম, পানীয়জল ও স্বাস্থ্যবিধি, শিল্প ও বাণিজ্য, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা, বন্ধু, মহকুমা শাসক কার্যালয় থেকে যে সকল প্রকল্পের বিষয় প্রতি ঘরে সুশাসনের শিবিরগুলিতে তুলে ধরা হবে তা নিয়ে আলোচনা করা হয়।
